

সীমিত

ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ মোমেনশাহী
ময়মনসিংহ সেনানিবাস

E-mail : cpscmyn@gamil.com

তারিখ : সামরিক-৬৬৭০১ বর্ষিত-৩১৭০
বেসামরিক-০৯১৬১৬৪৫

ফাঙ্কন ১৪২৬

মার্চ ২০২০

সিপিএসসিএম/৫৫/প্রশা/১৪২৬৩

উচ্চমাধ্যমিক পরীক্ষা ২০২০-এর পরীক্ষা কমিটি এবং কমিটির সদস্যগণের দায়িত্ব বন্টন প্রসঙ্গে

১। ২০২০ সালে অনুষ্ঠেয় উচ্চমাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা সুষ্ঠুভাবে পরিচালনার জন্য নিম্নবর্ণিত শিক্ষক-কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে দায়িত্ব বন্টন করা হলো :

ক। **ভারপ্রাপ্ত কর্মকর্তা** : অধ্যক্ষ লেঃ কর্নেল মোহাম্মদ জালাল উদ্দীন, পিবিজিএম, পিএসসি, সিগন্যালস ~~মহোদয়~~
ভারপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্ব পালন করবেন।

খ। **হল সুপার** : মুহাম্মদ আহসান হাবীব, সহঃ অধ্যাপক হল সুপারের দায়িত্ব পালন করবেন।

২। **পরীক্ষা কমিটির সদস্যদের দায়িত্ব**। পরীক্ষা কমিটির সদস্যগণের দায়িত্ব স্ব স্ব নামের বিপরীতে উল্লেখ করা হলো :

ক। **মোহাম্মদ আতিকুর রহমান, প্রভাষক এবং মোঃ আনিসুজ্জামান রানা, প্রভাষক।**

(১) জেলা প্রশাসকের কার্যালয় থেকে প্রশ্ন আনা সংক্রান্ত যাবতীয় কার্যক্রম সম্পাদন, অধ্যক্ষের রুম প্রেরণ
প্যাকেট খোলা, হল অনুযায়ী প্রশ্ন প্যাকেট করা এবং হলে প্রেরণ।

(২) হাজিরা সীট প্রস্তুত, প্রতিদিন হলে প্রেরণ ও সংরক্ষণ, শিক্ষার্থীদের উপস্থিতি ও অনুপস্থিতির হিসাব করে
প্রতিদিন ভারপ্রাপ্ত কর্মকর্তা ও হল সুপারের নিকট উপস্থাপন, ডিসি অফিসে ফোন করা, অনলাইনে পরীক্ষার তথ্য শিক্ষা
বোর্ডে প্রেরণ নিশ্চিতকরণ, এক্ষেত্রে নিম্নমান সহকারি কাম-কম্পিউটার অপারেটর মোঃ মিজানুর রহমান/অফিস
সুপারিনটেনডেন্ট প্রয়োজনীয় সহযোগিতা করবেন।

(৩) প্রতি পরীক্ষার প্রয়োজনীয় কাগজপত্র প্রস্তুত ও স্বাক্ষর নিশ্চিতকরণ, পরীক্ষা শেষে ও এম আর গ্রহণ এবং
প্যাকেট নিশ্চিতকরণ।

(৪) বিষয় ভিত্তিক ছাত্র-ছাত্রীদের সংখ্যা (রোল সহ) চিহ্নিতকরণ।

খ। **মোঃ ইনামুল হক, সহঃ অধ্যাপক ও মোহাম্মদ রহমত আলী, প্রদর্শক।**

(১) সীট প্র্যান প্রস্তুতকরণ, সীট প্র্যান অনুসারে পরীক্ষা হলে আসন নির্ধারণ, পীচ বোর্ড প্রস্তুত ও টানানো এবং
প্রয়োজন অনুসারে আসন বিন্যাস প্রদর্শনের ব্যবস্থা করা।

(২) প্রতি পরীক্ষার পূর্বে বিষয় ভিত্তিক পরীক্ষার্থীর সংখ্যা গণনা করে মূল খাতা ও অতিরিক্ত খাতা পরীক্ষার রুম
অনুসারে সাজানো ও হলে প্রেরণ নিশ্চিতকরণ।

(৩) হল সুপারের পরামর্শ অনুসারে প্রতি পরীক্ষার পূর্বে পরিদর্শকদের মধ্যে ডিউটি বন্টন নিশ্চিতকরণ ও ভারপ্রাপ্ত
কর্মকর্তার অনুমোদন নেয়া।

(৪) পরীক্ষা সংক্রান্ত যাবতীয় কম্পোজ-এর কাজে সহযোগিতা করবেন নিম্নমান সহকারি কাম-কম্পিউটার
অপারেটর মোঃ মিজানুর রহমান।

(৫) প্রতি পরীক্ষা শেষে খাতা গ্রহণ ও বাতিল নিশ্চিতকরণ, শিক্ষা বোর্ডে জমা, এক্ষেত্রে নিম্নমান সহকারি কাম-
কম্পিউটার অপারেটর মোঃ মশিউর রহমান/অফিস সুপারিনটেনডেন্ট ও একজন অফিস সহায়ক সঙ্গে যাবে।
ব্যবহারিক পরীক্ষার যাবতীয় কাগজপত্র প্রস্তুত, রুটিন, হাজিরাসীট বিতরণ ও গ্রহণ। পরীক্ষার সাথে সংশ্লিষ্ট
ব্যক্তিবর্গের প্রয়োজনীয় পরিচয় পত্র তৈরী ও বিতরণ।

সীমিত

সীমিত

গ। সুলতান আহমেদ, প্রভাষক ও আব্দুস সবুর মোল্যা, প্রভাষক।


- (১) শিক্ষা বোর্ড থেকে পরীক্ষা সংক্রান্ত মালামাল নিয়ে আসা ও সকল পরীক্ষা সমাপনান্তে বোর্ডে পৌছানো। এক্ষেত্রে অফিস সুপার মোঃ হাবিবুর রহমান/নিম্নমান সহকারি কাম-কম্পিউটার অপারেটর মোঃ মশিউর রহমান ও একজন অফিস সহায়ক সঙ্গে যাবে। মালামাল নিয়ে ক্যাম্পাসে আসার পর পরীক্ষা কমিটির সকল সদস্য তা বুঝে নিবেন এবং সকল পরীক্ষা সমাপনান্তে বোর্ডে পৌছানোর দিন সকল সদস্য মালামাল প্যাকেট করার ব্যবস্থা করবেন।
- (২) পরীক্ষা সংক্রান্ত খরচের বাজেট প্রণয়ন, প্রয়োজনীয় ত্রয় সম্পাদন ও খরচের ভাউচার সংরক্ষণ এবং পরীক্ষা কার্যক্রম শেষে আয়-ব্যয়ের হিসাব দাখিল।
- (৩) প্রতি পরীক্ষার পূর্বে গেইটে পরীক্ষার্থীদের শৃংখলা নিশ্চিতকরণ।
- (৪) প্রতি পরীক্ষা শেষে খাতা, OMR ও বাঙিল বোর্ডে প্রেরণ নিশ্চিতকরণ।

২। কর্মকর্তা ও কর্মচারীদের দায়িত্ব বন্টন।

ক। মোঃ মীর হোসেন, সহঃ প্রশাসনিক কর্মকর্তা (এডমিন-২)। ভারপ্রাপ্ত কর্মকর্তার নির্দেশনা অনুসারে পরীক্ষা কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনে সার্বিক সহযোগিতা করবেন। এক্ষেত্রে প্রয়োজনীয় সংখ্যক ৪র্থ শ্রেণির কর্মচারীর দায়িত্ব নিশ্চিত করবেন।

খ। মুহাম্মদ আব্দুর রফিক, হিসাবরক্ষণ কর্মকর্তা। পরীক্ষার যাবতীয় আয়-ব্যয় সংক্রান্ত হিসাব সংরক্ষণ ও সম্পন্ন করবেন।

৩। পরীক্ষার দিনসমূহে পরীক্ষা কমিটির সকল সদস্য ও পরীক্ষা সংশ্লিষ্ট সকল কর্মকর্তা-কর্মচারী পরীক্ষা সংক্রান্ত যাবতীয় কাজ সম্পন্ন না হওয়া পর্যন্ত ক্যাম্পাসে অবস্থান করার জন্য অনুরোধ করা হলো।



মোহাম্মদ জালাল উদ্দীন
লেঃ কর্নেল
অধ্যক্ষ ও ভারপ্রাপ্ত কর্মকর্তা
উচ্চ মাধ্যমিক পরীক্ষা ২০২০

বিতরণ :

কার্যক্রম :

সকল সদস্য

উচ্চ মাধ্যমিক পরীক্ষা ২০২০

অবগতি :

মুহাম্মদ আহসান হাবীব, সহঃ অধ্যাপক

সহঃ প্রধান শিক্ষক

হিসাব রক্ষণ কর্মকর্তা

সহঃ প্রশাসনিক কর্মকর্তা (এডমিন-২)

অফিস সুপারিনটেনডেন্ট

পিএ টু প্রিন্সিপাল

ওয়েবসাইট

টিচার্স কমনরুম

নোটিশ বোর্ড

A VP 

সীমিত